# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৪২১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪১৬]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫১: আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

بَابُ الرَّجَاءِ ـ (51)

আরবী

وَعَن أَبي هُرَيرَةَ أَوْ أَبي سَعِيدٍ الخُدرِي رَضِيَ اللهُ عَنهُمَا ـ شَكَّ الرَّاوِي ـ ولاَ يَضُرُّ الشَّكُّ في عَينِ الصَّحَابيّ ؛ لأَنَّهُمْ كُلُّهُمْ عُدُولٌ ـ قَالَ: لَمَّا كَانَ غَزوَةُ تَبُوك، أصَابَ النَّاسَ مَجَاعَةٌ، فَقَالُوا: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، لَوْ أذِنْتَ لَنَا فَنَحَرْنَا نَوَاضِحَنَا فَأَكَلْنَا وَادَّهَنَّا؟ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: افْعَلُوا فَجَاء عُمَرُ رضي الله عنه، فَقَالَ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، إنْ فَعَلْتَ قَلَّ الظَّهْرُ، وَلَكِن ادعُهُمْ بفَضلِ أزْوَادِهِمْ، ثُمَّ ادعُ الله لَهُمْ عَلَيْهَا بِالبَرَكَةِ، لَعَلَّ الله أنْ يَجْعَلَ في ذلِكَ البَرَكَةَ . فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: «نَعَمْ » فَدَعَا بِنَطْعٍ فَبَسَطَهُ، ثُمَّ دَعَا بِفَضلِ أزْوَادِهِمْ، فَجَعَلَ الرَّجُلُ يَجِيءُ بكَفّ ذُرَةٍ وَيَجِيءُ بِكَفّ تَمرٍ وَيَجِيءُ الآخرُ بِكِسرَةٍ حَتَّى اجْتَمَعَ عَلَى النَّطعِ مِنْ ذلِكَ شَيءٌ يَسيرٌ، فَدَعَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم بِالبَرَكَةِ، ثُمَّ قَالَ: خُذُوا في أوعِيَتِكُمْ فَأَخَذُوا في أوْعِيَتِهِم حَتَّى مَا تَرَكُوا في العَسْكَرِ وِعَاءً إلاَّ مَلأُوهُ وَأَكَلُوا حَتَّى شَبعُوا وَفَضَلَ فَضْلَةٌ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: أَشْهَدُ أنْ لاَ إِلَهَ إلاَّ اللهُ، وَأنّي رَسُولُ اللهِ صلى الله عليه وسلم، لا يَلْقَى الله بِهِمَا عَبْدٌ غَيْرَ شَاكٍّ فَيُحْجَبَ عَنِ الجَنَّةِ . رواه مسلم

বাংলা

৫/৪২১। আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু ’আনহু অথবা আবূ সা’ঈদ খুদরী রাদিয়াল্লাহু ’আনহু কর্তৃক বর্ণিত, (বর্ণনাকারী সন্দেহে পড়েছেন। অবশ্য সাহাবীর ব্যক্তিত্ব নির্ণয়ে সন্দেহ ক্ষতিকর কিছু নয়। কেননা সকল সাহাবাই নির্ভরযোগ্য।) সাহাবী বলেন, তাবুকের যুদ্ধের সময় সাহাবীগণ অতিশয় খাদ্য-সংকটে পড়লেন। সুতরাং তাঁরা

বললেন, ’হে আল্লাহর রাসূল! যদি আপনি অনুমতি দেন, তাহলে আমরা আমাদের সেচক উট জবাই করে তার মাংস ভক্ষণ এবং চর্বি ব্যবহার করি?’ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, (ঠিক আছে) তোমরা কর। (এ সংবাদ শুনে) উমার রাদিয়াল্লাহু ’আনহু এসে বললেন, ’হে আল্লাহর রাসূল! যদি আপনি (এমন) করেন, তাহলে সওয়ারী কমে যাবে। বরং আপনি (এই করুন যে,) তাদেরকে নিজেদের অবশিষ্ট খাদ্যদ্রব্য আনতে বলুন এবং তাদের জন্য তাতে আল্লাহর কাছে বরকতের দো’আ করুন। সম্ভবতঃ আল্লাহ তাতে বরকত দেবেন।’ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’’হ্যাঁ, (তাই-ই করি।)’’

সুতরাং তিনি চামড়ার একখানি দস্তরখান আনিয়ে নিয়ে তা বিছালেন। অতঃপর তিনি তাঁদের অবশিষ্ট খাদ্যদ্রব্য জমা করার নির্দেশ দিলেন। ফলে কেউ তো এক খাবল ভুট্টা আনলেন, কেউ তো এক খাবল খুরমা এবং কেউ তো রুটির একটি টুকরাও আনলেন। পরিশেষে কিছু পরিমাণ খাদ্য জমা হয়ে গেল। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বরকতের দো’আ করলেন। অতঃপর বললেন, ’’তোমরা আপন আপন পাত্রে নিয়ে নাও।’’ সুতরাং তাঁরা সব সব পাত্রে নিতে আরম্ভ করলেন। এমনকি সৈন্যের মধ্যে কোন পাত্র শূন্য রইল না। তাঁরা সকলেই খেয়ে তৃপ্ত হলেন এবং কিছু বেঁচেও গেল। অবশেষে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’’আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া সত্য কোনো উপাস্য নেই এবং আমি আল্লাহর রাসূল। যে কোন বান্দা সন্দেহমুক্ত হয়ে এ দু’টি (সাক্ষ্য) নিয়ে আল্লাহর সাথে সাক্ষাৎ করবে, তাকে যে জান্নাতে যেতে বাধা দেওয়া হবে -তা হতেই পারে না (বরং সে বিনা বাধায় জান্নাতে প্রবেশ করবে)।’’ (মুসলিম) [1]

## English

(51) Chapter: Hope in Allah's Mercy

Abu Hurairah (May Allah be pleased with him) or may be Abu Sa'id Al- Khudri (May Allah be pleased with him) reported:
On the day of the battle of Tabuk, the Muslims were hard pressed by hunger and they asked Messenger of Allah (ﷺ): "O Messenger of Allah, grant us permission to slaughter our camels to eat and use their fat". He (ﷺ) accorded permission. On this 'Umar (May Allah be pleased with him) came and said: "O Messenger of Allah, if it is done, we shall suffer from lack of transportation. I suggest you pool together whatever has been left and supplicate Allah to bless it." Allah will bestow His Blessing upon it. Messenger of Allah (ﷺ) agreed and called for leather mat and had it spread out, and asked people to bring the provisions left over. They started doing it. One brought a handful of corn, another brought a handful of dates, a third brought a piece of bread; thus some provisions were collected on the mat. Messenger of Allah (ﷺ) invoked blessings, and then said, "Now take it up in your vessels". Everyone filled his vessel with food, so that there was not left a single empty vessel in the whole camp. All of them ate to their fill and there was still some left over. Messenger of Allah (ﷺ) said, "Any slave who

meets Allah, testifying there is no true god except Allah, and that I am His Messenger, without entertaining any doubt about these (two fundamentals), will not be banished from entering Jannah."

[Muslim].

Commentary: This Hadith mentions a miracle of the Prophet (PBUH) and the effect of his prayer by means of which a small quantity of food sufficed the whole army. The exact number of Muslims who took part in the battle of Tabuk is not mentioned in any reliable account. Al-Hafiz Ibn Hajar has stated, with reference to some narratives of Fath Al-Bari mentioned in connection with the biography of the Prophet (PBUH) and the wars he had fought in the way of Allah, that they numbered thirty to forty thousand men.

Although these figures are open to question but one can safely infer from these figures that their number was very large. According to Sahih Al-Bukhari: "A large number of Muslims participated with the Prophet (PBUH) in this war. Their number was so large that they could not be described in a register. It was difficult for the Prophet (PBUH) to discover who was absent except that he was informed about him by Allah.'' (Sahih Al-Bukhari, Kitab AlMaghazi, Bab Ghazwah Tabuk, Hadith Ka`b bin Malik). This extract goes to prove that although the number of Muslims who took part in this war was very large the provisions weighing a few seers only sufficed for them all.
We also learn from this Hadith that one who is blessed with the Grace of Allah, can offer advice to a person who is superior to him on this account. Similarly, the one who is superior in virtue should listen to the advice of those who are inferior to him because there is every possibility that their advice may offer something better. It does not harm either of them. Neither does it detract from the superiority of the superior nor can it be regarded an affront of a junior.

## ফুটনোট

[1] মুসলিম ২৭, আবূ দাউদ ৯১৭০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23385

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন